# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৫৫০

তারিখ ০৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬১৬ তম কমিশন সভা অদ্য ২১/১১/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী LankaBangla Al-Arafah Shairah Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। মিউচ্যুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১০ কোটি টাকা, প্লেসমেন্ট এর মাধ্যমে সংগৃহীত ১৬ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ২৪ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ গ্রাচুইটি ফান্ড, ট্রাষ্ট ও সম্পদ ব্যবস্থাপক লংকাবাংলা এ্যাসেট ম্যানেজমেন্ট কোং লিঃ। এছাড়া ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

২. Globe Securities Limited (DSE TREC No.189) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এর sub-rules (1) ও (2) এবং অনুমোদিত প্রতিনিধিদের নামে বিও হিসাব খুলে Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 14(3)(1V) ও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(২) (৪) এর Deed of Agreement এর Clause 5 ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Globe Securities Limited -কে ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. S. B Securities Limited (DSE TREC No. 51) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এর sub-rules (1) ও (2) ভঙ্গ করেছে। পরিচালক, তাদের আত্মীয় এবং কর্মচারীদের ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/31 তারিখ March 23, 2010 এর লঙ্ঘন করেছে। নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Z Category -এর শেয়ারে ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/169, তারিখ October 01, 2009 ভঙ্গ করেছে। BO হিসাবে নেগেটিভ ব্যালেন্স থাকা সত্ত্বেও হিসাব থেকে টাকা উত্তোলনের মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ভঙ্গ করেছে। এছাড়াও এককালীন ৫ লক্ষ টাকার বেশি নগদ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, S. B Securities Limited -কে ১৫ (পনের) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Khurshid Securities Limited (DSE TREC No. 47) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এর sub-rules (1) ও (2) ভঙ্গ করেছে। DP এর clearing account ও Back office এর মধ্যে গরমিল থাকায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ১ ও বিধি ৬ এবং ডিপজিটরি (ব্যবহারিক) বিধিমালা, ২০০৩ এর বিধি ৪২ ভঙ্গ করেছে। একজন বিনিয়োগকারীকে ৩ মাসের গড় নেট ক্যাপিটাল ব্যালেন্স এর ২৫% এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Section 5(1) ভঙ্গ করেছে। এছাড়াও নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Khurshid Securities Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

৫. Sharp Securities Limited (DSE TREC No. 216) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এর sub-rules (1) ও (2) ভঙ্গ করেছে। পরিচালক ও কর্মচারী এবং তাদের আত্মীয়দের ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 এবং SEC/CMRRC/2001-43/31 তারিখ March 23, 2010 এর ভঙ্গ করেছে। পরিচালকদের হিসাবে নেগেটিভ ব্যালেন্স থাকা সত্ত্বেও হিসাব থেকে টাকা উত্তোলনের মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ও ৬ ভঙ্গ করেছে। একজন বিনিয়োগকারীকে ৩ মাসের গড় নেট ক্যাপিটাল ব্যালেন্স এর ২৫% এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Section 5(1) ভঙ্গ করেছে। ডিলার হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 ভঙ্গ করেছে। ৫ লক্ষ টাকার বেশি নগদ গ্রহণ ও প্রদান করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) এবং Directive No. SEC/CMRRCD/2002-90/34 তারিখঃ 29/07/2008 ভঙ্গ করেছে। অনুমোদিত প্রতিনিধিদের নামে BO হিসাব পরিচালনার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(২)(৪) ভঙ্গ করেছে। এছাড়াও নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1)(2) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Sharp Securities Limited -কে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৯.১১.২০১৭
মো: আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক